/

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.১৫০

তারিখ: ৩১ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## এইচএসসি (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্লাস্টারভিত্তিক ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে সরাসরি ৪র্থ পর্বের শূন্য আসনে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত সরকারি ও বেসরকারি ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালিত **সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২২ থেকে ২০২৫ সাল এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২০ হতে ২০২৫ সালে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম উত্তীর্ণ শিক্ষার্থীদের ৪র্থ পর্বের শূন্য আসনে ক্লাস্টারভিত্তিক** শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ভর্তির জন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতষ্ঠান প্রধান বরাবর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ভর্তির জন্য আবেদন ফরম ও আবেদনের নিয়মাবলী বোর্ডের ওয়েবসাইটে www.bteb.gov.bd-তে পাওয়া যাবে।

ভর্তি সংক্রান্ত নীতিমালা অনুসরণপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে টেকনোলজি ও ক্লাস্টারভিত্তিক প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে নিম্নের ছক অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে প্রেরণসহ ভর্তি কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে প্রাপ্ত জিপিএ অনুসারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে প্রাপ্ত আবেদন ও শূন্য আসনের ভিত্তেতে মেধাক্রম প্রণয়নপূর্বক ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে।

২.০ **ভর্তি সংক্রান্ত তথ্য:**

**২.১ ভর্তির আবেদনের যোগ্যতা ও নিয়মাবলী:**

২.১.১ সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২২ থেকে ২০২৫ সাল এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২০ হতে ২০২৫ সালে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম উত্তীর্ণ হতে হবে;

২.১.২ এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় সরকারি প্রতিষ্ঠানের জন্য ন্যূনতম জিপিএ ৩.০০ এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ন্যূনতম জিপিএ ২.০ থাকতে হবে।

**২.২ ভর্তির আবেদন, ফলাফল ও বোর্ডে তথ্যাদি জমা প্রদানের সময়সূচি:**

| ক্র:নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ০১. | শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠান বরাবর আবেদনের তারিখ | ২২/১০/২০২৫খ্রি. পর্যন্ত |
| ০২. | bteb.gov.bd  ই-সেবা  প্রতিষ্ঠান  Admission & Registration  Admission মেনুতে গিয়ে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে। Admission সম্পন্ন করার পর ফান্ড অ্যাড করে Admission & Registration  Admission মেনুতে গিয়ে Admission সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দিতে হবে। | ২৩/১০/২০২৫খ্রি. পর্যন্ত |
| ০৩. | আবেদনকৃত শিক্ষার্থীদের তালিকা ও প্রয়োজনীয় মূল ডকুমেন্ট বোর্ডে প্রদর্শনের তারিখ। | ২৫/১০/২০২৫খ্রি. |
| ০৫. | প্রতিষ্ঠান ভর্তি ও ক্লাস শুরু | ২৬/১০/২০২৫খ্রি. |

**২.৩ আবেদনের নিয়মাবলী ও আবেদনের সাথে প্রদেয় প্রয়োজনীয় ডকুমেন্টস:**

২.৩.১ শিক্ষার্থীগণ আবেদনপত্রের সাথে ১২০.০০ টাকা করে আবেদন ফি অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর জমা প্রদান করবে। তন্মধ্যে শিক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা বোর্ড এবং ২০ টাকা প্রতিষ্ঠান প্রাপ্য হবে। বোর্ডের প্রাপ্য শিক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করে বোর্ড নির্ধারিত সময়ে জমা প্রদান করতে হবে;

২.৩.২ এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম উত্তীর্ণের মূল সনদপত্র ও নম্বরপত্র;

২.৩.৩ এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের উত্তীর্ণের মূল নম্বরপত্র ও সনদপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড;

২.৩.৪ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদেয় প্রশংশাপত্র;

২.৩.৫ পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি।

২.৩.৫ **শুধুমাত্র ২০২৫ সালে এইচএসসি (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের অনলাইন নম্বরপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ড ও এডমিট কার্ড;**

**২.৪ ফলাফল প্রকাশ ও ভর্তি সম্পন্নকরণ এবং প্রয়োজনীয় তথ্যাদি বোর্ডে জমা প্রদান:**

২.৪.১ এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে প্রাপ্ত জিপিএ অনুসারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে প্রাপ্ত আবেদন ও শুন্য আসনের ভিত্তিতে মেধাক্রম প্রণয়নপূর্বক ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে। নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল নির্ধারিত তারিখে বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে;

২.৪.২ বোর্ড কর্তৃক ফলাফল ঘোষণার পর নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ডকুমেন্টস ও নির্ধারিত ভর্তি ফি প্রদানপূর্বক ভর্তি সম্পন্ন করতে হবে;

২.৪.৩ পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আবেদনকৃত সকল শিক্ষার্থীদের নির্ধারিত আবেদনপত্র ফি ও ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফিসহ প্রয়োজনীয় তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে। এ বিষয়ে ফলাফল প্রকাশের পর বিস্তারিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে;

২.৪.৪ ভর্তির সময় এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার মূল নম্বরপত্র ও সনদপত্র শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে এবং বোর্ডে নির্ধারিত তারিখে আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গন্য হবে।

২.৪.৫ **শুধুমাত্র ২০২৫ সালে এইচএসসি (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের অনলাইন নম্বরপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ড ও এডমিট কার্ড বোর্ডে নির্ধারিত তারিখে আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গন্য হবে।**

**৩.০ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ৪র্থ পর্বে ভর্তির জন্য এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের নির্ধারিত ট্রেডসমূহ ক্লাস্টারভিত্তিক ছক। নিম্ন ছক অনুসরণপূর্বক শিক্ষার্থী ভর্তি করতে হবে:**

| ক্র:নং | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | এইচএসসি (ভোকেশনাল) |
|---|---|---|
| ১. | আর্কিটেকচার টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ২. | অটোমোবাইল টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ৩. | কেমিক্যাল টেকনোলজি | ০১. অ্যাগ্রো মেশিনারি ট্রেড |
| ৪. | সিভিল টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ৫. | সিভিল (উড) টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ৬. | ইলেকট্রিক্যাল টেকনোলজি | ০১. ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন ট্রেড |
| ৭. | ইলেকট্রনিক্স টেকনোলজি | ০১. ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন ট্রেড |
| ৮. | ফুড টেকনোলজি | ০১. এগ্রো মেশিনারি ট্রেড<br>০২. ফিশ কালচার অ্যান্ড ব্রিডিং ট্রেড<br>০৩. পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং ট্রেড |
| ৯. | মেকানিক্যাল টেকনোলজি | ০১. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড<br>০৪. অটোমোবাইল ট্রেড |
| ১০. | পাওয়ার টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৪. এগ্রো মেশিনারি ট্রেড |
| ১১. | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ১২. | সিরামিকস্ টেকনোলজি | ০১. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড |
| ১৩. | গ্লাস টেকনোলজি | ০১. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড |
| ১৪. | সার্ভেয়িং টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড |

| ক্র:নং | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | এইচএসসি (ভোকেশনাল) |
|---|---|---|
| | | ০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ১৫. | মেরিন টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ১৬. | শীপ বিল্ডিং টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ১৭. | কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি | ০১. কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স ট্রেড |
| ১৮. | ইলেকট্রমেডিক্যাল টেকনোলজি | ০১. ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন ট্রেড |
| ১৯. | কন্সট্রাকশন টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ২০. | এনভায়রনমেন্টাল টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ২১. | মেকাট্রনিক্স টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ২২. | টেলিকমিউনিকেশন টেকনোলজি | ০১. ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন ট্রেড |
| ২৩. | গ্রাফিক্স ডিজাইন টেকনোলজি | ০১. ক্লদিং অ্যান্ড গার্মেন্টস ফিনিসিং ট্রেড<br>০২. কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড |
| ২৪. | প্রিন্টিং টেকনোলজি | ০১. ক্লদিং অ্যান্ড গার্মেন্টস ফিনিসিং ট্রেড<br>০২. কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড |


(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং-০২-৫৫০০৬৫২৩ (অফিস)


স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.১৫০(০৭)

তারিখ: ৩১ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল, জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
০৪। অধ্যক্ষ, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠানসমূহ (সরকারি/বেসরকারি) ।
০৫। অভিভাবক/শিক্ষার্থী,..........................।
০৬। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৮। নথি।


(প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০ (অফিস)